



প্রেস বিজ্ঞপ্তি

১১ জানুয়ারি ২০২২



বাউবিতে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে আলোচনা সভা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে (বাউবি) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে ১০ জানুয়ারি ২০২২, সোমবার রাত ৮.০০ টায় বাউবি'র বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের উদ্যোগে জুম ওয়েবিনারে “বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন: বিজয়ের পূর্ণতা” শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান আলোচক হিসেবে অংশ নেন খ্যাতিমান ইতিহাসবিদ অধ্যাপক ড. মমতাজ উদ্দীন পাটোয়ারী ও প্রধান অতিথি হিসেবে ছিলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার।

প্রধান আলোচক অধ্যাপক ড. মমতাজ উদ্দীন পাটোয়ারী বলেন, ১০ জানুয়ারি ১৯৭২ বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের মধ্য দিয়ে মুক্তিযুদ্ধের সমাপ্তির পূর্ণতা ঘটে এবং বাংলাদেশের অগ্রযাত্রার সূচনা হয়। তিনি বঙ্গবন্ধুর আদর্শ ও চেতনাকে শিক্ষার্থী ও নতুন প্রজন্মের মাঝে ছড়িয়ে দেয়া এবং বঙ্গবন্ধুকে নিয়ে মৌলিক গবেষণার উপর গুরুত্ব আরোপ করেন।

প্রধান অতিথি বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বঙ্গবন্ধুর আদর্শ ও দর্শনকে মনেপ্রাণে ধারণ করে ব্যক্তি স্বার্থের উর্ধে থেকে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালনের আহবান জানান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বাউবি'র প্রো-উপাচার্য (প্রশাসন), অধ্যাপক ড. নাসিম বানু প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ও ড্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল আলোচনা অংশ নেন। আলোচনা সভার সভাপতি ও বাউবি'র বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সভাপতি অধ্যাপক মো. আনোয়ারুল ইসলাম তাঁর বক্তব্যে বলেন বঙ্গবন্ধুর ৭ ই মার্চের ভাষণে যেমন মুক্তিযুদ্ধের দিকনির্দেশনা ছিল একইভাবে ১০ জানুয়ারির ভাষণে বাংলাদেশের আগামি পথ চলার দিকনির্দেশনা পাওয়া যায়। অনুষ্ঠান সঞ্চালনা করেন বাউবি'র বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সাধারণ সম্পাদক মেহেরীন মুনজারীন রত্না।

এর আগে সকালে বাউবি শিক্ষক সমিতি ও বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম গাজীপুরস্থ বাউবি ক্যাম্পাসে “স্বাধীনতা চিরন্তন স্মারক ভাঙ্কর্যে” জাতির পিতার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

ড. আ.ফ.ম মেসবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)
তথ্য ও গণসংযোগ বিভাগ
বাউবি।

ফোন: ০১৭১২-৫৯৯৫০৪